মেহেরপুর ডিবি পুলিশের অভিযানে গাঁজা ও মদসহ দু’জন আটক

মেহেরপুর গাঁজা ও মদসহ ফিরোজ আলী (২৪) ও বিল্লাল হোসেন (২৭) নামের দুই যুবককে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শনিবার বিকেল সাড়ে পাঁচটার দিকে গাংনী উপজেলার করমদী এলাকা থেকে তাদের আটক করা হয়।

আটক ফিরোজ আলী একই উপজেলার ইসলামপুর এলাকার ইমারুল ইসলামের ছেলে ও বিল্লাল হোসেন একই এলাকার মৃত সিদ্দিকুর রহমান এর ছেলে।

ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান, করমদী এলাকায় মাদক কেনাবেচা হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে জানতে পেরে পুলিশ সুপার এস এম মুরাদ আলির নির্দেশে মোতাবেক এসআই (নি;) অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এএসআই (নি:) মাহাতাব উদ্দিন, এএসআই (নি:) হেলাল উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে ওই এলাকায় অভিযান চালানো হয়।

এসময় ফিরোজ আলীর কাছ থেকে ৫শ গ্রাম গাঁজা ও বিল্লাল হোসেনের কাছ থেকে ৩ বোতল মদ উদ্ধার করা হয়।

আটক দু’জনের নামে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে। রোববার তাদেরকে আদালতে সোপর্দ করা হবে।

আলমডাঙ্গায় গলায় ফাঁস লাগিয়ে বৃদ্ধার আত্নহত্যা

আলমডাঙ্গায় ছেলের উপর অভিমান করে ৭০ বছরের বৃদ্ধা সহিদা খাতুন গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করেছে। শনিবার দুপুর ২ টার দিকে উপজেলার ভাংবাড়িয়া গ্রামে এ ঘটনা ঘটে।

আত্নহত্যার ঘটনায় নিহত সহিদার ছেলে বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করেন।

মামলা সূত্রে জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া গ্রামের মৃত আলাউদ্দিনের স্ত্রী সহিদা খাতুন।

গত ২৫ বছর পূর্বে সহিদার স্বামী মারা যায়। ইতোপূর্বে সে ৩টি ছেলে রেখে যায়। স্বামী মারা যাবার পর থেকেই অভাবে তাদের সাংসারিক জীবন চলে। এরই সূত্র ধরে ঘটনার দিন ছেলেদের সাথে সহিদা খাতুনের গোলোযোগ বাধে।

এরই কারণে অভিমানে দুপুর ২ টার দিকে নিজ ঘরের আড়ার সাথে গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করে। খবর পেয়ে পুলিশ মৃত মহিলার লাশ সুরতহাল রিপোর্ট শেষে দাফন করে।

ঝিনাইদহে নগদ অর্থসহ সোনার গহনা চুরি

ঝিনাইদহ শহরের উপশহর পাড়ার দুধর্ষ চুরি হয়েছে। চোরেরা ব্র্যাকের কর্মকর্তা শফিকুর রহমানের বাসার গ্রিল কেটে নগদ দেড় লাখ টাকা ও সাত ভরি সোনার গহনা নিয়ে গেছে। এ সময় তিনি গ্রামের বাড়িতে ছিলেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে।

জানা গেছে, সাতদিনের লকডাউনে গ্রামের বাড়ি সদর উপজেলার রাজাপুর গ্রামে বেড়াতে যান শফিকুর। শহরের বাড়ি তালাবদ্ধ ছিল। শনিবার বাসায় ফিরে দেখতে পান ঘরের আসবারপত্র এলোমেলো। ঘরের আলমিরা ভাঙ্গা। খোজ নিয়ে জানতে পারেন তার সব কিছু নিয়ে গেছে।

এর আগে ঝিনাইদহ চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতের কর্মচারী মেহেদী লাভলুর বাড়িতে চুরি হলে তিনি চোর সনাক্ত করে সব কিছুই ফিরে পান। গ্রেফতর হয় চোরসহ ৭ জন।

এদিকে ঝিনাইদহ অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সদর থানা ওসি মিজানুর রহমান, ওসি তদন্ত এমদাদুল হক খবর পেয়ে

ঘটনাস্থল পরিদর্শন করেন।

তারা জানান, পার্শ্ববর্তী বাড়ির সিসিটিভির ফুটেজ দেখে চোর সনাক্ত করে আইনের আওতায় আনা হবে। উল্লেখ্য শহরের আরাপপুর বাসস্ট্যান্ডের পাশে সার্থক গ্যাসঘর ও পাগলাকানাই মডেলদের বাসাবাড়িতেও চুরি সংঘটিত হয়েছে।

সাধুহাটী ইউনিয়নের বারোমাইল এলাকায় জনৈক শাহাদতের কাঠের আড়তেও চুরি হয়। করোনাকালে লকডাউন ও জনমানবহীন পাড়া মহল্লায় চোরের উপদ্রপ বৃদ্ধি পেয়েছে বলে এলাকাবাসি জানায়।

দামুড়হুদায় স্বাস্থ্যবিধি না মানায় ৮টি মামলায় ৯জনকে জরিমানা

দামুড়হুদা উপজেলার বিভিন্ন স্থানে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি না মানার অপরাধে ৮টি মামলায় ৯জন জরিমানা করা হয়েছে। শনিবার ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে জরিমানা আদায় করেন উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট দিলারা রহমান।

আদালত সূত্রে জানা যায়, উপজেলাতে (কোভিড-১৯) করোনা সংক্রমণ প্রতিরোধে চলমান লকডাউন বাস্তবায়নে দামুড়হুদা উপজেলার, দর্শনা, রামনগর, কুড়ুলগাছি, প্রতাপপুর, কার্পাসডাঙ্গাসহ বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট দিলারা রহমান। এসময় মাস্ক পরিধান না করা ও স্বাস্থ্যবিধি না মানার অপরাধে ৮টি মামলায় ৯জনকে ৮ হাজার ৮’শ টাকা জরিমানা করেন।

উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, দামুড়হুদা উপজেলা সীমান্তবর্তী এলাকাগুলোতে ব্যাপক হারে দেখা দিয়েছে করোনার উপসর্গ। আতঙ্কিত হয়ে পড়েছে সচেতন মহল সাধারণত এসময় করোনার

আমাদের সবাই কে সজাগ থাকবে হবে। তিনি আরো বলেন, মাস্ক ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না। নিজে ও পরিবার সুস্থ রাখতে সরকারের দেওয়া সকল নির্দেশনা মেনে চলুন।

লকডাউন বাস্তবায়ন প্রশাসন কে সহযোগিতা করেন আদালত পরিচালনার কাজে সহযোগিতা করেন উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলী, দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি চৌকস টিম প্রমুখ। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

সরকারি নির্দেশনা অমান্য মেহেরপুরে ৭জন আটক ! ভ্রাম্যমান আদালতে জরিমানা

মেহেরপুরে সরকারি নির্দেশনা অমান্য করে মাস্কবিহীন বাইরে ঘোরাফেরা করায় ৭ জনকে আটক করে তাদেরকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জরিমানা করা হয়েছে।

শনিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলমের নেতৃত্বে শহরের ওয়াপদা মোড় এলাকা থেকে ঐ ৭ ব্যক্তিকে আটক করা হয়।

আটককৃতরা হলো মেহেরপুর শহরের ঈদগাহ পাড়ার নজরুল ইসলামের ছেলে এখলাছুর রহমান (৩০), মল্লিক পাড়ার নারায়ন কুমার দাসের ছেলে বিপ্লব কুমার দাস (৪০), চক্করপাড়ার আখতারুজ্জামানের ছেলে বাপ্পি (২০), মেহেরপুরের মুজিবনগর উপজেলার বিদ্যাধরপুর গ্রামের আব্দুর রহমানে ছেলে আজহারুল ইসলাম (৪৭), ক্যাশবপাড়ার বাবর আলীর ছেলে শরিফুল ইসলাম (৩৭), এবং মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের আফাজ উদ্দীনের ছেলে সেলিম উদ্দিন(৩২)।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, এক সপ্তাহের কঠোর লকডাউন চলাকালীন সময় সরকারি আইন অমান্য করে মাস্কবিহীন চলাচল করায়

তাদেরকে আটক করা হয়। পরে ৭ জনের নিকট থেকে ৭ হাজার ১০০ টাকা জরিমানা করা হয়।

এসময় সহকারী কমিশনার ভূমি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়ানুর রহমান, কাজী মোহাম্মদ অনিক ইসলাম, সদর উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ইসরাফিল হোসেন সহ বিজিবি, পুলিশ ও আনসার বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

মিরপুর থানা পুলিশের অভিযানে মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় ২০ পিস টাপেন্টাডল ট্যাবলেট সহ মোঃ জাহিদ হাসান ইমন
(২২) নামের এক যুবককে আটক করেছে পুলিশ। শুক্রবার দুপুরে কুষ্টিয়ার মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের বলিদাপাড়া ব্রীজ সংলগ্ন এলাকা থেকে তাকে আটক করা হয়।

আটককৃত মোঃ জাহিদ হাসান ইমন মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের বলিদাপাড়া এলাকার মৃতঃ তৌহিদ মন্ডলের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, গোপন সংবাদের ভিত্তিতে জাহিদ হাসান ইমনকে আটক করা হয়। এসময় তার কাছে থাকা ২০ পিস টাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। সে চিহ্নিত মাদক ব্যবসায়ী বলেও জানান তিনি।

আটককৃত জাহিদ হাসান ইমনের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

এদিকে কুষ্টিয়ার সিনিয়র সহকারী পুলিশ সুপার (মিরপুর সার্কেল) মোঃ আজমল হোসেনের সঠিক দিকনির্দেশনায় মিরপুর থানা এলাকার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার্থে চলমান অভিযান অব্যাহত থাকবে বলেও জানান ওসি।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমান আদালতের অভিযান জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ সাদিকুর রহমান চুয়াডাঙ্গা পৌরসভার সহ বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করে স্বাস্থ্যবিধি না মানা এবং বিনা প্রয়োজনে ঘর থেকে বাহির হবার অপরাধে দুইটি প্রতিষ্ঠানকে জরিমানা আওতায় এনেছে।

শুক্রবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোড, আলুকদিয়া বাজার, আকন্দবাড়ীয়া, ভালাইপুর মোড় এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে স্বাস্থ্যবিধি না মানার অপরাধে দন্ডবিধি ১৮৬০ এর ১৮৮ ধারায় ২টি প্রতিষ্ঠানকে সর্বমোট দুই হাজার পাঁচশত টাকা মাত্র অর্থদন্ড প্রদান করেন।

এসময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাদিকুর রহমান সরকার ঘোষিত শাটডাউনের কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে মাস্ক ও খাবার বিতরণ করেন। মোবাইল কোর্ট পরিচালনায় সময় উপস্থিত ছিলেন বিজিবি একদল চৌকস টিম সহ ও পেশকার । জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহি অফিসার।

মেহেরপুর ডিবি অভিযানে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর এলাকায় অভিযান চালিয়ে হেরোইনসহ শাওন আলী হোসেন (৩৭) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশের একটি দল। শুক্রবার দুপুরে ৫ গ্রাম হেরোইনসহ

তাকে আটক করা হয়।

আটক শাওন আলী দারিয়াপুর ঘোষপাড়া পাড়ার খোকন আলীর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গোপন সূত্রে খবর পেয়ে মুজিবনগর উপজেলার দারিয়াপুর এলাকায় এস আই (নি:) রুবেল আহমেদ এর নেতৃত্বে এএসআই (নি:) হেলাল উদ্দীন ও এএসআই (নি:) ইব্রাহিম বিশ্বাস সহ সঙ্গীয় ফোর্স অভিযান পরিচালনা করে শাওন আলীকে হোসেনকে আটক করা হয়। এসময় তার কাছ থেকে ৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

তার বিরুদ্ধে মুজিবনগর থানায় নিয়মিত মামলা রুজু হয়েছে। তার বিরুদ্ধে আরও একটি মাদকের মামলা বিচারাধীন আছে।

কুষ্টিয়ায় হেরোইনসহ নারী আটক

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে হেরোইনসহ তানজিলা খাতুন (৩০) নামে এক মহিলা মাদক ব্যবসায়ী আটক করা হয়েছে। শুক্রবার বেলা দেড়টার সময় কুষ্টিয়া পৌরসভার কালীশংকরপুর সোনার বাংলা মোড়ের মিন্টু স্টোরের সামনে থেকে তাকে আটক করা হয়।

আটককৃত তানজিলা খাতুন কুষ্টিয়া শহরের আড়ুয়াপাড়ার মৃত ফরিদ আলীর স্ত্রী। সে বর্তমানে শহরতলির মোল্লাতেঘরিয়ার জনৈক মোঃ আসাদের বাড়িতে ভাড়া থাকতো।

র্যাব জানায়, র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া র্যাব ক্যাম্পের একটি আভিযানিক দল এদিন কালীশংকরপুর এলাকায় একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। অভিযানে মহিলা মাদক ব্যবসায়ী তানজিলা খাতুনকে আটক করে। এ সময় তার কাছ থেকে ১৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত হেরোইনের আনুমানিক মূল্য বায়ান্ন হাজার টাকা। পরে উদ্ধারকৃত আলামতসহ তাকে কুষ্টিয়া সদর থানায় সোপর্দ করে একটি মাদক মামলা দায়ের করা হয়েছে।

জীবননগরে লকডাউন অমান্য করায় ৮জনকে জরিমানা

চুয়াডাঙ্গা জীবননগরে মহামারী করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে যাওয়ায় জীবননগরে চলছে ৭ম দিনের মত লকডাউন । লকডাউন অমান্য করে দোকানপাট খোলা এবং চলাচল করার অপরাধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ৮জনকে ১১হাজার টাকা জরিমানা প্রদান করেন ভ্রাম্যমান আদালত।

সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম মুনিম লিংকন এ ভ্রাম্যমান আদালত অভিযান পরিচালন করেন।

এ সময় লকডাউন অমান্য করে জীবননগর শহরের মোল্লা মার্কেটে দোকানপাট খোলা এবং মোটরসাইকেলের কাগজপত্র না থাকায় ৮জনকে ১১হাজার টাকা জরিমানা প্রদান করেন ।এ সময় উপস্থিত ছিলেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম ।